জাপান ওপেনে বিদায় সিন্ধুর

টোকিও, ১৩ সেপ্টেম্বরঃ অপ্রত্যাশিত হার সিন্ধুর। এশিয়ান গেমসে রুপোর পদক জিতে পোর্ডিয়াম ফিনিস করেছিলেন। জাকার্তা টু জাপান! দিন কয়েকের মধ্যেই চিত্রনাট্যে আমূল পরিবর্তন। জাপান ওপেনে টুর্নামেন্টের শুরুতেই হোঁচট খেলেন তৃতীয় বাছাই পিভি সিন্ধু। টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডে স্ট্রেট গেমে হেরে ছিটকে গিয়েছেন ভারতীয়

শাটলার। প্রায় এক বছর পর কোনও টুর্নামেন্টের শুরুতে এভাবে বিদায় সিন্ধুর। শেষ ষোলোর লড়াইয়ে ভারতের রুপোলি মেয়ের হারলেন ১৯ বছরের চিনা প্রতিদ্বন্দ্বী গাও ফানজীর কাছে। বিশ্বের ১৪ নম্বর ফানজীর বিরুদ্ধে ৫৫ মিনিটের লড়াইয়ে পিভি হারেন ১৮-২১, ১৯-২১ ব্যবধানে। শেষবার গত বছর অক্টোবরে ডেনমার্ক ওপেনের ওপেনিং রাউন্ডে হেরে বসেছিলেন সিন্ধু। অন্যদিকে এইচ এস প্রণয়ও জাপান ওপেন থেকে ছিটকে গিয়েছেন। ইন্দোনেশিয়ার প্রতিদ্বন্দ্বী অ্যান্টনি জিনটিংয়ের কাছে হারেন প্রণয়। জিনটনিংয়ের পক্ষে ম্যাচের ফল ২১-১৪, ২১-১৭। ছেলেদের মধ্যে ভারতের পদক জয়ের আশা জিয়ে রেখেছেন কিদাম্বী শ্রীকান্ত। প্রাক্তন বিশ্বের এক নম্বর হংকংয়ের প্রতিদ্বন্দ্বীকে কি ভিসেন্টকে ২১-১৫, ২১-১৪ ব্যবধানে হারিয়ে কোয়ার্টার ফাইনালের টিকিট পাকা করেছেন। শ্রীকান্তের র‍্যাকেটে টুর্নামেন্টে জিয়ে রয়েছে ভারত।

‘আবেগে ভেসে গিয়েছিলাম’ লিগ জয়ে ‘মেয়ে’ মন্তব্যে ক্ষমাপ্রার্থী টুটু বোস

‘সাত বছর ধরে মেয়ে হচ্ছিল, হঠাৎ একটা ছেলে হয়েছে। তাতে যেমন লাগে সে রকমই লাগছে।’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ সেপ্টেম্বরঃ মোহনবাগানের লিগ জয়ের সঙ্গে মহিলাদের প্রতি টুটু বোসের অবমাননাকর ও অসম্মানজনক মন্তব্যের জন্য ক্ষমাপ্রার্থী টুটু বোস। প্রেস বিবৃতি দিয়ে তিনি জানান, তিনি অনুতপ্ত। তাঁর বাড়িতেও নাতনি আছে। আনন্দে আত্মহারা হয়ে আবেগের বশে এমন কথা বলে বসেছিলেন তিনি। এমন এক আনন্দের দিনে কাউকে আঘাত করার অভিপ্রায় তাঁর ছিল না। দুঃখপ্রকাশ করে টুটু লিখেছেন, ‘‘কালকের লিগ জয়ের পর আবেগের মুহূর্তে ওই প্রেক্ষাপটে বলা বক্তব্য নিয়ে আমার নিজেরই অনুশোচনা হচ্ছে। আমার বাড়িতে আমার পুত্রবধূরা আছে। নাতনি আছে। তাই কন্যাসন্তানের গুরুত্ব আমি জানি। আমি আমার বক্তব্য প্রত্যাহার করছি। শেষে আবারও বলছি কোন মানুষকে আমি কষ্ট দিতে চাইনি।’’ এখন দেখার দুঃখপ্রকাশের পর তাঁর বিতর্কিত মন্তব্য ঘিরে বরফ কতটা গলে। নিছক আবেগের বশে করে করা একটি মন্তব্য। কিন্তু সেই মন্তব্যই ঝড় তোলে সোশ্যাল মিডিয়ায়। ঐতিহ্যশালী একটি ক্লাবের প্রাক্তন কর্তা হয়ে মেয়েদেরকে পরাজয়ের প্রতীক হিসাবে তুলে ধরায় নিন্দুকদের সমালোচনা হজম করতে হল টুটু বোসকে। ঠিক কি বলেছিলেন মোহনবাগানের প্রাক্তন সভাপতি? বুধবার আট বছর পর আই লিগ ঘরে তোলে মোহনবাগান। কাস্টমস-মোহনবাগান ম্যাচের বিরতিতের ফাঁকে প্রথম প্রতিক্রিয়া, ‘সাত বছর ধরে মেয়ে হচ্ছিল। হঠাৎ একটা ছেলে হয়েছে। কেমন লাগবে ভাই তেমন হলে? আমার ঠিক তেমনই লাগছে।।’ ব্যস এরপরই শুরু বিতর্ক। আট বছর পর কলকাতা লিগ ঘরে তুলে আবেগের বশে মেয়েদের খর্ব করে বসেন ‘জাতীয় ক্লাব’ মোহনবাগান কর্তা। গর্জে ওঠে সোশ্যাল মিডিয়া। অনেকে তাঁর প্রতিবাদ জানিয়ে লেখেন, মেয়েরা গলায় হার পড়তে পারেন, কিন্তু মেয়েরা কিভাবে পরাজয়ের প্রতীক হতে পারে সেটা বিশ্ববাসীকে জানালেন টুটুবাবু। অনেকে লেখেন, সানিয়া মির্জা, পিভি সিন্ধু, দীপা কর্মকার এদের নাম বোধহয় উনি শোনেননি। বিতর্ক যে হয়ে গিয়েছে মোহনবাগানের কর্তারাও সম্ভবত বিষয়টা বুঝে গিয়েছেন অঞ্জন মিত্র থেকে ক্লাবের অঙ্গ সত্যজিৎ চট্টোপাধ্যায় কেউ ফোন ধরেন নি। ক্লাবের জুনিয়র দলের কোচ অমিয় ঘোষ প্রথমে ফোন ধরে ড্যামেজ কন্ট্রোলের চেষ্টা করেন। বলেন, এটা মোটেই ঠিক হয়নি। এটা যুক্তি নেই। পরে সামলে নিয়ে কোচ জানান, সামনে ভোট। এইসব বিষয়ে কোনও মন্তব্য করবেন না। ততক্ষণে যা ড্যামেজ হওয়ার হয়ে গিয়েছে।

বিরাটকে রোগ সারানোর দাওয়াই দিলেন সৌরভ

লন্ডন, ১৩ সেপ্টেম্বরঃ ‘সতীর্থদের বোঝ, তাঁদের থেকে সেরাটা বের করে আনো।’ ইংল্যান্ডের মাটিতে সিরিজ হারের ময়নাতদন্তে নেমে কোহলিকে এমনটাই টিপস দিচ্ছেন প্রাক্তন অধিনায়ক সৌরভ গঙ্গোপাধ্যায়। দক্ষিণ আফ্রিকার পর ইংল্যান্ডের মাটিতেও টেস্ট সিরিজ হার ভারতের। স্বভাবতেই কোহলির নেতৃত্ব, দল নির্বাচন ও টিম ম্যানেজমেন্টের ভূমিকা নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন উঠতে শুরু করে দিয়েছে। কখনও পূজারাকে দলের বাইরে রেখেছেন বিরাট, কখনও আবার ভুল পিচ রিডিং করে সিমিং উইকেটে জোড়া স্পিনার খেলিয়ে ডুবেছেন। সিরিজ হারের পর সাংবাদিকের প্রশ্ন শুনে কনফারেন্স রুমে বিরাটকে রেগে যেতেও দেখা গিয়েছে। পরিস্থিতি চাপে পড়ে কাপ্তান বিরাটের মাথা ব্যাথার এখন হাজারও কারণ। সামনেই দেশের মাঠিতে প্রতিপক্ষ দুর্বল ওয়েস্ট ইন্ডিজ, এরপর ফের বিদেশ সফরে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে অগ্নিপরীক্ষায় নামতে হবে। ব্রড-অ্যান্ডারসনদের সিমিং উইকেটের পর ক্যাঙ্গারুর দেশে এবার গতির বিরুদ্ধে নামতে হবে কোহলি-রাহানে-পূজারাদের। তার আগে দল নিয়ে বিরাটকে ভাবনা চিন্তা করতে পরামর্শ দিচ্ছেন সৌরভ। সিরিজে ভারতের ব্যাটিং ব্যর্থতা নিয়ে নানা মহলে সমালোচনার ঝড় বয়ে গিয়েছে। বিরাট সফল হলেও অন্যরা ধারাবাহিক নয়, সেকারণে নটিংহ্যামে কামব্যাক করেও পরের দুই টেস্টে লড়াই করেও হারতে হয়েছে ভারতকে। শেষ টেস্টে ১৪৯ রানের দুরন্ত ইনিংস খেলেছেন ওপেনার লোকেশ রাহুল। অন্যদিকে মিডল অর্ডারে শতরান পেয়েছেন উইকেটকিপার ব্যাটসম্যান ঋষভ পন্ত। দলে যে প্রতিভার অভাব নেই, এই পারফর্ম্যান্সগুলো থেকে সেকথা বলছেন সৌরভ। ‘প্রিন্স অফ ক্যালকাতা’ সঙ্গে জুড়েছেন, ‘কোহালির দলের এখন সামনের দিকে তাকানো উচিত। প্রত্যেক দলের মধ্যে প্রচুর প্রতিভা ও সম্ভবনার মিশেল থাকে। অধিনায়কের কাজ হল সেই প্রতিভা খুঁজে সতীর্থদের থেকে সেরাটা বের করে আনা।’ বর্তমান অধিনায়কের উদ্দেশ্যে সৌরভ আরও জুড়েছেন, ‘ইংল্যান্ডের মাটিতে রাহানে, পূজারা, রাহুলরা যে ব্যাটিংটা করলেন। এর চেয়ে ওরা দশগুণ ভাল ক্রিকেটার। অধিনায়ককে তাঁর দল চিনতে হবে, সতীর্থদের থেকে সেরাটা বার করে আনাই দক্ষ ক্যাপ্টেনের পরিচয়। সতীর্থের কাঁধে ক্যাপ্টেনের হাত থাকলে সেই ক্রিকেটারের পারফর্ম্যান্সে ফারাক আসতে বাধ্য। প্রতিভার অন্বেষণ করাটা খুব জরুরী।’ ব্যর্থতার ফাঁকেও সিরিজ থেকে ভারতের সেরা প্রাপ্তি তরুণ ঋষভের ব্যাটিং। সেই সঙ্গে অভিষেক ম্যাচেই বিরাটকে ভরসা দিয়েছে হনুমা বিহারির ব্যাটিং। অনেকেই মনে করছে ব্যর্থ ধাওয়ানের পরিবর্তে ওভাল টেস্টে পৃথ্বীকে খেলালে তাঁরও একটা পরীক্ষা হয়ে যেত। প্রতিভার খোঁজার এর তাঁকে সঠিকভাবে ব্যবহার করার ক্ষেত্রে কোহলি অতীতে দূরদর্শীতার পরিচয় দিয়েছেন। ভারতীয় ক্রিকেটের কঠিন মুহূর্তে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোহলি এবার বুদ্ধিমত্তার পরিচয় দেন কিনা, সেটাই এবার দেখার।

কুড়ি মাস ব্যান হুগো লরিস

লন্ডন, ১৩ সেপ্টেম্বরঃ মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর অভিযোগে হুগো লরিসের ড্রাইভিংয়ে নিষেধাজ্ঞা জারি করল লন্ডনের ওয়েস্টমিন্সটার ম্যাজিস্ট্রেট আদালত। আদালতের নির্দেশানুযায়ী আগামী ২০ মাস ড্রাইভিংয়ে নিষেধাজ্ঞা জারি হলেও হাজতবাস করতে হচ্ছে না ফ্রান্সের বিশ্বকাপজয়ী অধিনায়ককে। ঘটনার গুরুত্ব বিচার করে প্রথমে লরিসের প্রায় ছ’মাস পর্যন্ত হাজতবাস হতে পারে বলে আশঙ্কা করা হয়। তবে এক্ষেত্রে ড্রাইভিং ব্যানের পাশাপাশি লরিসকে ৫০ হাজার পাউন্ড জরিমানা করেই তাঁকে ছাড় দিয়েছে আদালত। দীর্ঘ কুড়ি বছর পর গত ১৫ জুলাই লরিসের নেতৃত্বেই দ্বিতীয়বারের জন্য বিশ্বকাপ জিতে নেয় ফ্রান্স। তবে বিশ্বকাপ জয়ের রেশ মিটতে না মিটতেই বিতর্কে জড়িয়ে পড়েন ইংলিশ ক্লাব টটেনহ্যাম হটস্পারের এই গোলরক্ষক। গত ২৪ অগস্ট সেন্ট্রাল লন্ডনের রাস্তায় লরিসের পরসে গাড়িটি রুটিন চেকের জন্য আটকায় পুলিশ। সেসময় মদ্যপ অবস্থায় গাড়ি চালাচ্ছিলেন লরিস। এই ঘটনায় লরিসকে সতর্ক করা হয়। প্রাথমিক ভাবে তাঁর ছ’মাস পর্যন্ত তাঁর হাজতবাস হতে পারে বলে আশঙ্কা করা হয়। বিশ্বকাপ জয়ের পরই এমন ঘটনায় ফ্রান্সের বিশ্বকাপ জয়ের নায়ক হঠাৎই খলনায়ক বনে যান। পুলিশের দাবি, লরিসের দেহে যে অ্যালকোহলের মাত্রা পাওয়া যায় তার পরিমাণ প্রতি ১০০ মিলিলিটারে ১০০ মাইকোগ্রাম। যা প্রায় সাত গ্লাস ওয়াইনের সমান। এরপর বিষয়টি আদালত পর্যন্ত গড়ালে ফরাসি গোলরক্ষক তাঁর দোষ স্বীকার করে নেন। এমনকি ঘটনার জন্য যে তিনি অনুতপ্ত, তা জানাতেও ভোলেননি লরিস। বয়স এবং লিঙ্গ বিশেষে মানুষের শরীরে অ্যালকোহলের মাত্রা নির্ধারিত হলেও সাধারণত গাড়ি চালানোর সময় মানবদেহে প্রতি ১০০ মিলিলিটারে ৩৫ মাইকোগ্রামের বেশি মাত্রায় অ্যালকোহল বিপজ্জনক এবং তা দন্ডনীয় অপরাধ বলে বিবেচিত হয়। স্বভাবতই লরিসের শরীরে সেই মাত্রা অনেক বেশি পরিমাণে থাকায় দোষী সাব্যস্ত হন তিনি। ঘটনায় পরিবারের সদস্য, ক্লাবের সতীর্থ এবং কোচের কাছে দুঃখপ্রকাশ করেন ফ্রান্সের ৩১ বছর বয়সী বিশ্বজয়ের নায়ক।



মুম্বইয়ের অধিনায়ক রাহানে

মুম্বই, ১৩ সেপ্টেম্বরঃ কোহলির ডেপুটির হাতেই উঠল নেতৃত্বের ব্যাটন। তার জন্য দাযিত্ব থেকে সরিয়ে দেওয়া হল নিয়মিত অধিনায়ককে। যদিও পুরনো দলনায়ককে খেলতে দেখা যাবে টিম ইন্ডিয়ার নির্ভরযোগ্য ব্যাটসম্যানের অধীনে। আসন্ন বিজয় হাজারে ট্রফির জন্য মুম্বই দলের ক্যাপ্টেন নির্বাচিত হলেন টেস্ট টিমে বিরাট কোহলির ডেপুটির ভূমিকা পালণ করা অজিঙ্কা রাহানে। এবার জাতীয় ওয়ান ডে টুর্নামেন্টে রাহানেকে পাওয়া যাবে বলে আদিত্য তারের পরিবর্তে তাঁর হাতেই নেতৃত্বের ব্যাটন তুলে দেওয়ার সিদ্ধান্ত নেন মুম্বই নির্বাচকরা। আসন্ন এশিয়া কাপের জন্য ভারতীয় দলে জায়গা হয়নি রাহানের। সুতরাং ১৯ সেপ্টেম্বর থেকে শুরু হতে যাওয়া বিজয় হাজারে ট্রফিতে খেলতে অসুবিধা নেই তাঁর। রাহানে দলে থাকায় স্বাভাবিকভাবেই তাকে নেতা হিসাবে বেছে নেওয়া ছাড়া উপায় ছিল না। আজিঙ্কার নেতৃত্বে পনের জনের দলে রয়েছে বেশ কয়েকটা উল্লেখযোগ্য নাম। সদ্য টেস্ট দলে মাথা গলানো পৃথ্বী শ এবং ভারতীয়-এ দলের অধিনায়ক শ্রেয়স আইয়ারকেও খেলতে দেখা যাবে বিজয় হাজারে ট্রফিতে। শ্রেয়স আপাতত রাহানের সহকারীর দায়িত্ব পালণ করবেন। পরে রাহানের থেকে দায়িত্ব বুঝে নিতে পারেন। সহঅধিনায়ক হিসাবে তাঁর নাম ঘোষণা করেছেন মুম্বই নির্বাচকরা। এছাড়া সূর্য্যকুমার যাদব ও আদিত্য তারের মতো তারকা দলে রয়েছেন। গোটা টুর্নামেন্টে রাহানেকে দলে পাওয়ার সম্ভাবনা নেই মুম্বইয়ের। এশিয়া কাপের পরেই ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টেস্ট খেলবে ভারত। তখন রাজ্য দল ছাড়তে হবে রাহানেকে। পৃথ্বী শ টেস্ট দলে জায়গা ধরে রাখলে বিজয় হাজারে ট্রফির মাঝপথে রাজ্য দল ছাড়তে হবে তাঁকেও। টেস্ট দলে নিয়মিত হলেও রাহানে সম্প্রতি ভারতের সীমিত ওভারের দলে জায়গা পাচ্ছেন না। এই অবস্থায় বিশ্বকাপের আগে ওয়ান ডে ফর্ম্যাটে নিজেকে আরও একবার প্রমাণ করতে বিজয় হাজারে ট্রফি খেলার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। নির্বাচকদের খাতায় নিজের নাম ভাসিয়ে রাখতেই ঘরোয়া টুর্নামেন্টকে হাতিয়ার করছেন মুম্বই তারকা।

এশিয়া কাপে ভারতকে হারাবে পাকিস্তান, দাবি ইউনিস খানের

দুবাই, ১৩ সেপ্টেম্বরঃ এশিয়া কাপে গত আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি ফাইনালের পুনরাবৃত্তি দেখছেন পাকিস্তানের প্রাক্তন অধিনায়ক ইউনিস খান। তাঁর দাবি, ভারতকে হারিয়ে দেওয়ার ক্ষমতা আছে পাকিস্তানের। গত বছরের ১৮ জুন ওভালে আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফির ফাইনালে ফেভারিট ভারতকে ১৮০ রানে হারিয়ে দেয় পাকিস্তান। এরপর দু’দল আর মুখোমুখি হয়নি। এ মাসের ১৯ তারিখ দুবাইয়ে এশিয়া কাপের গ্রুপ বি’র ম্যাচে ভারত-পাক লড়াই। এই প্রসঙ্গে ইউনিস বলেছেন, ‘আমি আশাবাদী, এশিয়া কাপে ভারতকে হারিয়ে দেবে পাকিস্তান। পাকিস্তান দলে কয়েকজন খুব ভাল খেলোয়াড় আছে। ইতিবাচক মানসিকতা নিয়েই এশিয়া কাপে খেলতে যাবে পাকিস্তান। দুই দেশের একে অপরের বিরুদ্ধে আরও ক্রিকেট ম্যাচ খেলা উচিত। এর ফলে দুই প্রতিবেশী দেশের মধ্যে উত্তেজনা কমবে।’

অবসর নিয়ে ভাবছেন না অ্যান্ডারসন

লন্ডন, ১৩ সেপ্টেম্বরঃ দু’দিন আগেই অজি কিংবদন্তী গ্লেন ম্যাকগ্রাকে টপকে টেস্ট ক্রিকেটে নতুন নজির গড়েছেন তিনি। টেস্ট ক্রিকেটে পেস বোলার হিসেবে এখন সর্বাধিক উইকেট শিকারি তিনিই। বয়স ৩৫ হলে কি হবে? জেমস অ্যান্ডারসনের বিষাক্ত স্যুইংয়ে এখনও থরহরি কম্প বিশ্বের বাঘা বাঘা ব্যাটসম্যানরা। টেস্ট ক্রিকেটে নামের পাশে লেখা হয়ে গিয়েছে ৫৬৪টি উইকেট। ইংল্যান্ডের সর্বকালের সেরা টেস্ট বোলারের তকমাটা অচিরেই যেন জুড়ে গিয়েছে তাঁর নামের সঙ্গে। কিন্তু এখনই অবসর নিয়ে ভাবতে নারাজ জিমি। অবসর প্রসঙ্গে অ্যান্ডারসনের সাফ কথা, ‘এই মুহূর্তে অবসর নিয়ে সত্যিই আমার কোনও মাথাব্যথা নেই। এটা দলের জন্যও খুব একটা ভাল হবে না। তাই আমি পরবর্তী ম্যাচ, পরবর্তী সিরিজেই ফোকাস রাখছি।’ এবিষয়ে অজি কিংবদন্তীর অবসরের কথা তুলে ধরে জিমি জানান, ২০০৬ অ্যাসেজ শেষের পর সকলকে অবাক করে দিয়েই অবসর ঘোষণা করেছিলেন ম্যাকগ্রা। কে বলতে পারে, আমার সাথেও তেমন ঘটনা ঘটতেই পারে। কিন্তু বেশি সামনে তাকাতে আমি পছন্দ করি না।’

সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিচ্ছেন কলিংউড

লন্ডন, ১৩ সেপ্টেম্বরঃ সব ধরনের ক্রিকেট থেকে অবসর নেওয়ার কথা ঘোষণা করলেন ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক পল কলিংউড। আজ তিনি বলেছেন, ‘অনেক ভাবনা-চিন্তার পর আমি চলতি মরসুম শেষ হওয়ার পর ক্রিকেট থেকে অবসর নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। আমি জানতাম এই দিনটি আসবে। তবে আমার পক্ষে এই সিদ্ধান্ত নেওয়া সহজ হয়নি। যদিও আবেগের বশে এই সিদ্ধান্ত নিয়েছি, তবু আমার মনে হয় এটাই অবসর নেওয়ার ঠিক সময়। আমি জানি খেলার মাঠে যাবতীয় প্রাণশক্তি দিয়েছি।’ ৪২ বছর বয়সি অলরাউন্ডার কলিংউড তিনবার অ্যাশেজ সিরিজ জেতা দলের সদস্য ছিলেন। তিনিই ইংল্যান্ডের একমাত্র অধিনায়ক হিসেবে আইসিসি’র কোনও প্রতিযোগিতায় দলকে চ্যাম্পিয়ন করেন। তাঁর নেতৃত্বে ২০১০ সালে টি-২০ বিশ্বকাপ জেতে ইংল্যান্ড। ৬৮টি টেস্ট ম্যাচ, ১৯৭টি একদিনের আন্তর্জাতিক এবং ৩৬টি টি-২০ ম্যাচ খেলেছেন কলিংউড। তাঁকে ক্রিকেটের ইতিহাসে অন্যতম সেরা অলরাউন্ডার আখ্যা দিয়েছেন ডারহাম কাউন্টি দলের চেয়ারম্যান ইয়ান বথাম।

আইসক্রিম বিক্রেতা থেকে দলের ‘দামি’ ফুটবলার রিচার্লিসন

লিভারপুল, ১৩ সেপ্টেম্বরঃ খেলোয়াড় কিনতে ক্লাবের খরচের ইতিহাস নতুন করে লিখিয়ে রিচার্লিসনকে কিনেছিল এভারটন। দলটির ইতিহাসে সবচেয়ে দামি খেলোয়াড়টি তিন ম্যাচে তিন গোল করে ইংলিশ প্রিমিয়ার লিগে দারুণ শুরু করেছেন। জাতীয় দলের হয়েও শুরুটা হয়েছে দুর্দান্ত। প্রথম একাদশের হয়ে অভিষেকেই জোড়া গোল। এভারটন হয়তো বুঝে গেছে, রিচার্লিসনের জন্য খরচ করা ৪৫ মিলিয়ন ইউরো ট্রান্সফার ফি জলে যায়নি। মাত্র দুই বছরের ব্যবধানে ব্রাজিলের দ্বিতীয় বিভাগ থেকে ইংল্যান্ডের অন্যতম ঐতিহ্যবাহী ক্লাবে নাম লিখিয়েছেন রিচার্লিসন। ২১ বছর বয়সী এই ফরোয়ার্ড কাল এল সালভাদরের বিপক্ষে প্রীতি ম্যাচে অভিষিক্ত হন ব্রাজিলের প্রথম একাদশে। সেই ম্যাচে জোড়া গোল করে আলোচনায় উঠে এসেছেন রিচার্লিসন। অথচ তাঁর উঠে আসার পথটা মোটেও সহজ ছিল না। অনেক চড়াই উতরাই গেছে জীবনের ওপর দিয়ে। রিচার্লিসনের ভাষায়, ‘কতগুলো ক্লাব আমাকে প্রত্যাখ্যান করেছে তা গুণে বলতে পারব না। কারণ আমার হাতে অত আঙুল নেই। একপর্যায়ে ফুটবল ছেড়ে দিতে চেয়েছিলাম।’ স্প্যানিশ সংবাদমাধ্যম ‘এএস’কে দেওয়া সাক্ষাৎকারে নিজের ফেলে আসা পথ নিয়ে এমন খোলামেলা কথাই বলেছেন রিচার্লিসন। খেলা ছাড়া না ছাড়ার দ্বিধায় ভোগার মধ্যেই তিনি সিদ্ধান্ত নিয়েছিলেন বেলো হরিজেন্তে যাবেন, শেষবারের মতো ট্রায়াল দিতে। পকেটে শুধু যাওয়ার ভাড়াটা নিয়ে বেলো হরিজেন্তে গিয়ে আমেরিকা ফুটবল ক্লাবে (এমজি) গিয়ে ট্রায়াল দিয়ে টিকে যান রিচার্লিসন। সেই দিনগুলোর কথা স্মরণ করে তাঁর উপলব্ধি, ‘ট্রায়ালে না টিকলে বাসায় ফিরতে পারতাম না। সেখান থেকে ৬০০ কিলোমিটার দূরে ছিল আমার বাসা। এখন ভাবি তখন হাল ছেড়ে দিলে আজ এখানে আসতে পারতাম না।’ ব্রাজিলের আর দশজন ফুটবলার মতোই দারিদ্র্যর সঙ্গে লড়াই করে বেড়ে উঠেছেন রিচার্লিসন। বাসা থেকে অনুশীলনস্থল দূরে ছিল তাই থাকতে হয়েছে চাচার বাসায়। অনুশীলনে যাওয়ার বাস ভাড়া ছিল না। পরিবারের আর্থিক অবস্থাও খারাপ হয়ে উঠেছিল। খেলার খরচ আর পরিবারকে সাহায্য করতে রিচার্লিসনকে তাই ফেরিওয়ালাও হতে হয়েছে। তাঁর মুখেই শুনুন, ‘অনুশীলন করার জায়গা দূরে হওয়ায় কাকার বাড়িতে থেকেছি। অনুশীলনে যাওয়ার বাস ভাড়া থাকত না। পারিবারিক অবস্থাও ভালো ছিল না। তাই রাস্তায় মিষ্টান্ন দ্রব্য আর আইসক্রিম ফেরি করেছি পরিবারকে সাহায্য করতে। এসব করতেই হতো। কারণ পরিবারের জন্য সবাই যে কোনো কিছুই করতে পারে।’ ফুটবলে রিচার্লিসনের শৈশবের নায়ক তাঁর বাবা ও কাকা। দুজনেই ব্রাজিলের স্থানীয় ফুটবলে খেলেছেন। তবে পেশাদার ফুটবলে তাঁর আদর্শ ‘ও ফেনোমেনো’। রোনাল্ডো। কিংবদন্তি এই খেলোয়াড়কে রিচার্লিসন বলতে গেলে অনুকরণই করার চেষ্টা করেন, ‘মাঠে নামার আগে সবারই কিছু সংস্কার থাকে। আমি যেমন ম্যাচ খেলতে যাওয়ার পথে ট্যাবলেটে তাঁর (রোনাল্ডো) গোলের ভিডিও দেখি। এটা আমাকে প্রেরণা জোগায়।’

দিবালার সঙ্গে আমার কোনো সমস্যা নেই। আর্জেন্টিনা কোচ

লিওনেল মেসির মতো একই পজিশনে খেলার কারণেই মূলত প্রাক্তন কোচের অধীনে একাদশে জায়গা পেতেন না পাওলো দিবালা। তবে নিয়মিত অধিনায়কের অনুপস্থিতিতেও জুভেন্তাস ফরোয়ার্ডের সুযোগ না পাওয়াটা বিস্ময়কর। তাকে কোচ পছন্দ করেন না বলেও গুঞ্জন উঠেছে। তবে অন্তবর্তীকালীন কোচ লিওনেল স্কালোনি পরিষ্কার করে জানিয়েছেন, আক্রমণভাগের এই খেলোয়াড়ের সঙ্গে তার কোনো সমস্যা নেই।

বুয়েনাস আইরেস, ১৩ সেপ্টেম্বরঃ যুক্তরাষ্ট্রের নিউ জার্সির মেটলাইফ স্টেডিয়ামে বুধবার ভোরে আন্তর্জাতিক প্রীতি ম্যাচে কলম্বিয়ার সঙ্গে গোলশূন্য ড্র করে আর্জেন্টিনা। ম্যাচটির দ্বিতীয়ার্ধে বদলি হিসেবে নামানো হয় দিবালাকে। আর গত শনিবার গুয়াতেমালার বিপক্ষে দলের ৩-০ গোলের জয়ের ম্যাচে বেঞ্চেই থাকতে হয় তাকে। তারকা ফরোয়ার্ড মেসি না থাকায় দিবালাকে বেশি সুযোগ দেওয়া হতে পারে বলে ধারণা করা হচ্ছিল। বাস্তবে অবশ্য তার দেখা মেলেনি। তবে ২৪ বছর বয়সী এই খেলোয়াড়ের সঙ্গে ব্যক্তিগত কোনো ঝামেলার কথা উড়িয়ে দিয়েছেন স্কালোনি। তার সাথে আমার কোনো সমস্যা আছে কিনা, আপনারা ভাবছেন? সে একটা ফেনোমেনন। তার সঙ্গে আমার দারুণ একটা সম্পর্ক আছে। সে অসাধারণ একটা ছেলে। সে কিভাবে স্বাচ্ছন্দ্য বোধ করে সেটা দেখার জন্য আমাদেরকে একটা সমাধান খুঁজে বের করতে হবে। আর্জেন্টিনার আক্রমণভাগের আরেক খেলোয়াড় মাউরো ইকার্দি শুরুর একাদশে জায়গা পেলেও আশানুরূপ খেলতে পারেননি। জাতীয় দলের হয়ে এখনও গোলের খাতা খুলতে পারেননি এই নিয়ে পাঁচ ম্যাচ খেলা ইন্টার মিলানের এই ফরোয়ার্ড। তবে কোচের প্রশংসা পেয়েছেন তিনি।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 9874301615